গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লোহাগড়া, নড়াইল।

মে/২০২৩ মাসে অনুষ্ঠিত আইসিটি বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আজগর আলী , উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল
তারিখ : ২৪ মে ২০২৩ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১:০০ টা
স্থান : উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল এঁর অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ১ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং | অত্র উপজেলার ১৭ (আট) টি মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, লোহাগড়া, নড়াইল কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |
| ২ | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহের শিক্ষকদের প্রশিক্ষণ | ল্যাবপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ০৪(চার) জন করে শিক্ষকের ১০(দশ) দিনব্যাপী "আইসিটি ইন ইডুকেশন লিটারেসি, ট্রাবলশুটিং ও মেইনটেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ ভেন্ডরের মাধ্যমে শীঘ্রই শুরু হবে। প্যশিক্ষণার্থী তালিকা ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। প্রতিটি ব্যাচে হবে ২০(বিশ) জন করে। এমতাবস্থায়, প্রশিক্ষণ ভেন্যু ঠিক করা প্রয়োজন। প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার জন্য কমিটির সহযোগিতা চাওয়া হয়। | সহকারী প্রোগ্রামার মহোদয় বলেন লক্ষ্মীপাশা আদর্শ বিদ্যালয় উপজেলা সদরের সবচেয়ে নিকটবর্তী এবং ল্যাবটি শীততপ নিয়ন্ত্রিত। প্রস্তাবটির সাথে উপস্থিত উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সকলে একমত পোষণ করেন। যেহেতু প্রশিক্ষণ ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা হবে সেহেতু প্রশিক্ষণের বিষয়ে সার্বক্ষণিক মনিটরিংয়ের জন্য হসকারী প্রোগ্রামার মহোদয়কে অনুরোধ করা হয়। | (১) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(৩) প্রধান শিক্ষক, লক্ষ্মীপাশা আদর্শ বিদ্যালয় |
| ৩ | তথ্য বাতায়নসমূহ হাল-নাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নগুলি তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ শতভাগ হাল-নাগাদ রাখা প্রয়োজন। | উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ করবে (বাংলা ও ইংরেজি ভাষায়)। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, লোহাগড়া, নড়াইল কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান |
| ৪ | সরকারি দপ্তরসমূহের ইন্টারনেট কানেক্টিভিটি নিশ্চিতকরণ | দাপ্তরিক অনলাইন কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য পর্যাপ্ত গতিসম্পন্ন নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ থাকা প্রয়োজন। এজন্য সরকারিভাবে ইনফো-সরকার-II প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলার ৩২ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয় এবং ইনফো-সরকার-III প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলার ১১ টি ইউনিয়ন পরিষদে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। | ইন্টারনেট সংযোগ প্রাপ্ত দপ্তরসমূহ প্রদত্ত রাউটারসমূহ সার্বক্ষণিক চালু রাখবে এবং ব্যবহার করবে। রাউটারটির জন্য নিরাপদ বৈদ্যুতিক সংযোগ এবং নিরাপত্তা নিশ্চিত করতে হবে। ইন্টারনেট না থাকলে প্রয়োজনে মোঃ রাসেল হোসেন, প্রতিনিধি, ফাইবার@হোম, নড়াইল (মোবাইলঃ ০১৮৪৭১০২৫০৯) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। | (১) ফাইবার@হোম এর দায়িত্বপ্রাপ্ত কর্মর্কা/কর্মচারী<br>(২) সকল দপ্তর প্রধান |
| ৫ | ই-নথি বাস্তবায়ন | লোহাগড়া উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ বেশ কয়েকটি দপ্তরে ই-নথি কার্যক্রম চালু আছে এবং অন্যান্য দপ্তরে শীঘ্রই ই-নথি চালু করা হবে। ই-নথি কার্যক্রমের রিপোর্ট নিয়মিত প্রদান করা হয় এবং প্রতিনিয়ত র‍্যাংকিং প্রকাশ করা হয়। | ম্যানুয়াল নথির পরিবর্তে ই-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, লোহাগড়া, নড়াইল কে অনুরোধ করা হয়। | ই-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ৬ | ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিং করণ | উপজেলা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদর্শন করছে কিনা তা নিয়মিত মনিটরিং সহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করার জন্য সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, লোহাগড়া, নড়াইল কে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |
| ৭ | মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং | অত্র উপজেলার প্রায় সকল মাধ্যমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে পাঠদান হয় কিনা তা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে সভার অনুরোধ করা হয়। | (১)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (২)সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২৩
(মোঃ আজগর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-৫৬.০৪.৬৫৫২.০০০.০৬.০০৩.২৩.২৪ তারিখ: ২৪ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় সভাপতি, একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
০২। জনাব মাশরাফি বিন মোর্তজা, মাননীয় সংসদ সদস্য, ৯৪ নড়াইল-২
০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
০৪। জেলা প্রশাসক, নড়াইল
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল
০৬। প্রোগ্রামার (দায়িত্বে), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নড়াইল
০৭। উপজেলা ........................................ অফিসার, লোহাগড়া, নড়াইল
০৮। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, ................................................, লোহাগড়া, নড়াইল
০৯। পরিচালক, জেটওয়ে কম্পিউটার এডুকেশন, লোহাগড়া, নড়াইল
১০। অফিস কপি

Faisal
24.5.2023
(শেখ মোহাম্মদ ফয়সল)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
লোহাগড়া, নড়াইল।